

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৪ অধিশাখা
www.moestab.gov.bd

নং-সম(বিধি-৪)-সংশোধন(সময়)-৬/২০০৯- ৩১১

৩০ আশ্বিন, ১৪১৬ বঙ্গাব্দ
তারিখ : -----
১৫ অক্টোবর, ২০০৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : ঢাকা মহানগরীর সকল সরকারি, বেসরকারি অফিস, বিধিবদ্ধ সংস্থা, আর্থিক প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকালীন সময়সূচি নির্ধারণ।

যানজট নিরসনের একটি পদক্ষেপ হিসেবে ঢাকা মহানগরীর সকল সরকারি, বেসরকারি অফিস, বিধিবদ্ধ সংস্থা এবং আর্থিক ও শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকালীন সময়সূচি জনস্বার্থে সরকার নিম্নরূপভাবে নির্ধারণ করেছে :

ক্রমিক নং	অফিস/প্রতিষ্ঠানের নাম	কর্মকালীন সময়সূচি
১.	সরকারি, আধা-সরকারি অফিস, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা।	সকাল ৯.০০ হতে বিকেল ৫.০০ টা
২.	ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান।	সকাল ১০.০০ হতে বিকেল ৬.০০ টা
৩.	বেসরকারি অফিস/প্রতিষ্ঠান।	সকাল ১০.০০ হতে বিকেল ৬.০০ টা
৪.	ঢাকা মহানগরীর সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান :	
	(ক) প্রাথমিক বিদ্যালয় পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কিন্ডার গার্টেনসহ)।	সকাল ৯.৩০ হতে বিকেল ৪.১৫ টা
	(খ) ঢাকা মহানগরীর ইংলিশ মিডিয়াম স্কুল, ইন্টারন্যাশনাল স্কুল, প্রাথমিকস্তর সংযুক্ত মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয় (School & College)।	ক্রাশ শুরুর সময় হবে সকাল ৭.৩০ টা হতে ৮.৩০ টার মধ্যে। একই এলাকায় অবস্থিত একাধিক শিক্ষা প্রতিষ্ঠান স্থানীয় এলাকার যানজট পরিস্থিতি বিবেচনা করে পরস্পরের মধ্যে আলোচনা ও সমঝোতার মাধ্যমে সকাল ৭.৩০ টা হতে ৮.৩০ টা পর্যন্ত নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ক্রাশ আরম্ভের পৃথক পৃথক সময়সূচি নির্ধারণ করতে পারবে। তবে কোনক্রমেই এক শিফটের জন্য পাঠদান সময় ০৬ ঘণ্টার এবং ডবল শিফটের জন্য পাঠদান সময় ০৫ ঘণ্টার কম হবে না।

০২। পরিবর্তিত কর্মকালীন এ সময়সূচি নিম্নোক্ত তারিখ হতে কার্যকর হবে :-

(১) (ক) সরকারি, আধা-সরকারি অফিস, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, (খ) ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, এবং (গ) বেসরকারি অফিস/প্রতিষ্ঠান ১৮ অক্টোবর, ২০০৯/০৩ কার্তিক ১৪১৬ রোজ রবিবার হতে ; এবং

(২) (ক) প্রাথমিক বিদ্যালয় পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কিন্ডার গার্টেনসহ) এবং (খ) ঢাকা মহানগরীর ইংলিশ মিডিয়াম স্কুল, ইন্টারন্যাশনাল স্কুল, প্রাথমিকস্তর সংযুক্ত মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয় (School & College) ০১ নভেম্বর ২০০৯/১৭ কার্তিক, ১৪১৬ রোজ রবিবার হতে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,


(ইব্রাহীম খান)

উপ-সচিব

ফোন : ৭১৬০৮৪৯

dsregulation4@moestab.gov.bd


মোঃ আলমগীর হোসেন
সিনিয়র সহকারী সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


নং-সম(বিধি-৪)-সংশোধন(সময়)-৬/২০০৯-৩৯১

৩০ আশ্বিন, ১৪১৬ বঙ্গাব্দ
তারিখ : -----
১৫ অক্টোবর, ২০০৯ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব,----- (সকল) মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁর অধীনস্থ অফিস ও সংস্থাসমূহসহ সংশ্লিষ্ট সকল স্টেইকহোল্ডারদেরকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৫। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৬। পি এস ও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৭। বিভাগীয় কমিশনার ----- (সকল)।
(তাঁর অধীনস্থ অফিস ও সংস্থাসমূহকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ৮। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(রেডিও, টেলিভিশন ও খবরের কাগজ ইত্যাদি প্রচার মাধ্যমে সম্প্রচারের জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ৯। জেলা প্রশাসক ----- (সকল)।
(তাঁর অধীনস্থ অফিস ও সংস্থাসমূহকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ১০। মাননীয় প্রধানমন্ত্রীর সংস্থাপন ও প্রশাসন বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব।
(মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অগতির জন্য)।
- ১১। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, সংস্থাপন মন্ত্রণালয় (ওয়েব সাইটে বিজ্ঞপ্তি দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। যুগ্ম-সচিব (বিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয় (যুগ্ম-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। সংস্থাপন মন্ত্রণালয়ের সকল অফিস ও অফিসার

সত্যাপিত
০৮/১০/০৯
১। বাংলাদেশ সরকার
২। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়
৩। সংস্থাপন মন্ত্রণালয়
৪। বাংলাদেশ সরকার


(ইব্রাহীম বালীল) ১৫/১০/০৯
উপ-সচিব
ফোন-৭১৬০৮৪৯